

মাসিক সঞ্চয়ী ক্ষুদ্র বীমা-এমডিএমআই (লাভসহ) (MDMI-With Profit)

মাসিক সঞ্চয় প্রকল্প দেশের মানুষের কাছে একটি অত্যন্ত পরিচিত সঞ্চয় প্রকল্প। এই প্রকল্পের মাধ্যমে দেশের ক্ষুদ্র আয়ের মানুষ মাসিক ভিত্তিতে সঞ্চয় করে একটা নির্দিষ্ট সময়ান্তে লাভসহ সঞ্চয়ের সমুদয় টাকা ফেরত পায়, যা তাদের অর্থনৈতিক জীবনকে সমৃদ্ধশালী করে। সেই আলোকে নিম্ন আয়ের মানুষের কথা চিন্তা করে ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স কোম্পানী জনবীমার মাসিক সঞ্চয়ী ক্ষুদ্র বীমা (লাভসহ) তথা এম ডি এম আই নামে একটি পরিকল্পনা চালু করে। এ পরিকল্পনাটি একই সাথে একটি সঞ্চয়ী এবং নিরাপত্তামূলক পরিকল্পনাও বটে।

এই বীমার বৈশিষ্ট্যসমূহ :

- ❖ বীমার প্রবেশকালীন বয়স সীমা : ১৮ থেকে ৬০ বছর
- ❖ সর্বোচ্চ মেয়াদ পূর্তিকালীন বয়স : ৭০ বছর
- ❖ সর্বোচ্চ বীমা অংক : ১ লক্ষ টাকা
- ❖ বীমার মেয়াদ : ০৫ থেকে ২৫ বছর
- ❖ প্রিমিয়াম প্রদানের পদ্ধতি : মাসিক (সর্বনিম্ন মাসিক প্রিমিয়াম ১০০/- এবং এর গুণিতক)।
- ❖ সহযোগী বীমা : এ বীমার সাথে অতিরিক্ত বীমা (Supplementary) হিসেবে সহযোগী বীমা নেয়া যাবে না।

এই বীমার সুবিধাসমূহ :

- ১। বীমাবৃত ব্যক্তি মেয়াদ পর্যন্ত জীবিত থাকলে বীমা অংকের উপর অর্জিত বোনাসসহ সম্পূর্ণ বীমা অংক এককালীন প্রদান করা হয়।
- ২। বীমা চলাকালীন সময়ে গ্রাহকের মৃত্যু হলে নমিনীকে বীমাকৃত অর্থ অর্জিত বোনাসসহ প্রদান করা হয়।
- ৩। এ বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।

উদাহরণঃ

৬০ বছর বয়সী একজন ব্যক্তি মাসিক ৫০০ টাকা প্রিমিয়াম দিয়ে ১০ বছর মেয়াদে এমডিএমআই পলিসি নিতে চাইলে তার বীমা অংক কত হবে?

সমাধানঃ

যেহেতু প্রিমিয়াম ৫০০ টাকা ১০০ টাকার $(৫০০/১০০)=৫$ গুণ ফলে ৬০ বছর বয়সে ১০ বছর মেয়াদে তার বীমা অংক হবে $= (১০,০৩১ \times ৫)=৫০,১৫৫/-$

